

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩০৭

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮২৯ তম কমিশন সভা অদ্য ২৮/০৬/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি ফান্ড ‘EDGE Al-Amin Shariah Consumer Fund(Open-end)’-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা ‘EDGE AMC Limited’ ২.৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২২.৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো ‘EDGE AMC Limited’। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে ‘সন্ধানী লাইফ ইস্যুরেন্স কোম্পানি লিমিটেড’ এবং ‘ব্র্যাক ব্যাংক লিমিটেড’।

০২. কমিশন অদ্যকার সভায়, মেয়াদি ফান্ড ‘ICB AMCL CMSF Golden Jubilee Mutual Fund(Close-end)’-এর প্রসপেক্টাস অনুমোদন করেছে। উক্ত মিউচুয়াল ফান্ডের লক্ষ্যমাত্রা হচ্ছে ১০০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তা হিসেবে ‘ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড (সিএমএসএফ)’ ৫০ কোটি টাকা এবং ‘আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইসিবি এএমসিএল)’ ২০ কোটি টাকা প্রদান করেছে। ‘ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)’ প্রি-আইপিও প্লেসমেন্ট (Pre-IPO)-এর ০৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২৫ কোটি টাকা সকল বিনিয়োগকারীগণের জন্য বরাদ্দ রাখা হয়েছে যা প্রাথমিক গণপ্রস্তাব (IPO)-এর মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে ‘আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইসিবি এএমসিএল)’। ফান্ডটির ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করবে যথাক্রমে ‘বাংলাদেশ জেনারেল ইস্যুরেন্স কোম্পানি লিমিটেড (বিজিআইসি)’ এবং ‘ব্র্যাক ব্যাংক লিমিটেড’।

Reesam
28.06.22

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র